

খাগড়াছড়িতে এক প্রধান শিক্ষিকাকে মারধরের অভিযোগ উঠেছে সদর উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা সুভায়ন খীসার বিরুদ্ধে। গতকাল মঙ্গলবার দুপুর ১২টার দিকে উপজেলা সহকারী শিক্ষা অফিসারের কার্যালয়ে এ ঘটনা ঘটে। ঘটনার পর আহত শিক্ষিকা মৌসুমী ত্রিপুরাকে (৪৪) খাগড়াছড়ি সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি সদর উপজেলার মহালছড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা।

advertisement

হাসপাতালে চিকিৎসাধীন মৌসুমী

ত্রিপুরা বলেন, সকালে বিদ্যালয়ের ভাঙ্গা গেট মেরামতের আবেদন নিয়ে সহকারী শিক্ষা কর্মকর্তা সুভায়ন খীসার কার্যালয়ে গিয়েছিলাম। দীর্ঘ সময়েও তিনি আমার বিষয়টি নিয়ে কথা না বলায় তার দৃষ্টি আকর্ষণ করি। এ সময় ক্ষুর হয়ে তিনি আমার ওপর অতর্কিতভাবে কিল-যুষি মারতে থাকেন। পরে আমি আহত হয়ে পড়লে অফিসের অন্যরা আমাকে হাসপাতালে নিয়ে আসেন।

খাগড়াছড়ি আধুনিক জেলা সদর হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. মিথিলা বড়ুয়া বলেন, রোগীর বাঁ চোখের নিচে আঘাতের চিহ্ন রয়েছে। সেখানে দুটি সেলাই দেওয়া হয়েছে। এ ছাড়া তার মাথায় ব্যথা আছে। আমরা তাকে ভর্তি করেছি।

সহকারী শিক্ষা কর্মকর্তা সুভায়ন খীসা বলেন, তিনি (শিক্ষিকা) অফিসে এসে আমার হাত-গলা ধরে দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেন। এ সময় তাকে আমি অপেশাদার আচরণ করতে নিষেধ করি। এ নিয়ে বাদানুবাদের এক পর্যায়ে ধাক্কাধাক্কিতে তিনি দরজায় আঘাত পান।

খাগড়াছড়ি জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ফাতেমা মেহের ইয়াসমিন বলেন, এ ঘটনায় যে জড়িত থাকবে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।